

ত্রিপুরা সরকার  
উচ্চশিক্ষা দপ্তর  
অফিস লেন, আগরতলা

**Dr. Ambedkar Post-Matric Scholarship for the Economically Backward Class (EBC) Stipend সম্পর্কিত বিজ্ঞপ্তি ।**

২০২১-২২ ইং শিক্ষাবর্ষে একাদশ, দ্বাদশ, আই টি আই, ডিপ্লোমা, ডিগী, পোস্ট গ্রেজুয়েট পাঠরত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ভারত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন (Ministry of Social Justice & Empowerment, Govt, of India) মন্ত্রনালয়ের নির্দেশিকা অনুসারে Post-Matric Scholarship for the Economically Backward Class (EBC) বৃত্তি প্রদানের জন্য ST/SC/OBC সম্প্রদায় ভুক্ত ছাত্র-ছাত্রীরা ব্যতিত শুধুমাত্র General Catagory এবং ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে National Scholarship Portal (NSP 2.0) (<http://Scholarships.gov.in>) এর মাধ্যমে মাধ্যমিকোত্তর বৃত্তি প্রদানের জন্য উচ্চশিক্ষা দপ্তরের পক্ষ থেকে অনলাইন দরখাস্ত আহ্বান করা হচ্ছে। রাজ্য ও বহিঃরাজ্যের সরকারী শিক্ষা প্রতিষ্ঠান, কলেজে এবং ইউনিভারসিটি সমূহে পাঠরত রাজ্যের ছাত্র-ছাত্রীরা আগামী ১৫ই ডিসেম্বর, ২০২১ ইং পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদন করার সুযোগ পাবে।

অনলাইনে আবেদন করার যোগ্যতাবলী :-

- ১। ছাত্র-ছাত্রীকে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে ।
- ২। দরখাস্তকারীর পারিবারিক বাৎসরিক আয় ২.৫ লক্ষ টাকার মধ্যে হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক issue করা পারিবারিক আয়ের সার্টিফিকেট অনলাইনে আপলোড করতে হবে ।
- ৩। আবেদনকারীর আধার নাম্বার নিজ নিজ ব্যাঙ্ক একাউন্ট এর সঙ্গে সংযোগস্থাপন (Seeding) থাকতে হবে এবং Student-এর Bank Account-টি Transferable limit যুক্ত হতে হবে।
- ৪। যে সকল ছাত্র-ছাত্রীরা পূর্বে এই বৃত্তিটি পেয়েছে তাহাদের Renewal Application ফর্ম পূরন করে দাখিল করার জন্য বলা হচ্ছে ।
- ৫। আবেদনকারী সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে / ইউনিভারসিটিতে পাঠরত হতে হবে, বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা এই প্রকল্পে বৃত্তি পাওয়ার জন্য বিবেচিত হবে না।

ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ২৭শে ডিসেম্বর, ২০২১ ইং এর মধ্যে অনলাইনে ভেরিফিকেশন করতে হবে। বিজ্ঞপ্তি টি কলেজের অধ্যক্ষকে ছাত্র-ছাত্রীদের গোচরে নিতে হবে। অনলাইনে ফর্ম ফিলাপ (আপলোড) করার পরে আবেদন পত্রের Print copy ডাউনলোড করে রাজ্য পাঠরতদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং পরবর্তী কালে নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উক্ত দরখাস্তগুলি উচ্চশিক্ষা দপ্তরে জমা দিতে হবে। বহিঃরাজ্যে পাঠরত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্রের Print copy ডাউনলোড করে উচ্চশিক্ষা দপ্তরে জমা দিতে হবে। ২৭শে ডিসেম্বর, ২০২১ ইং এর পরে জমা করা আবেদনপত্র গ্রাহ্য করা হবে না।

আবেদন করার সময় নিম্নলিখিত তথ্যাদি প্রদান করতে হবে :-

- (১) আধার নম্বর। (২) Students-এর নিজস্ব State Bank Account (Pass Book) (৩) Bank Branch -এর IFS Code No. (৪) ছাত্র-ছাত্রীদের জন্মের প্রমাণ পত্র (Birth Certificate/Madhyamik Admit Card) (৫) Mobile No. (৬) ত্রিপুরায় স্থায়ী বসবাসের প্রমাণপত্র (PRTC) (৭) ইনকাম সার্টিফিকেট (এস.ডি.এম) (৮) Previous Marksheet copy (৯) এক কপি পাসপোর্ট সাইজ ফটো। (১০) রেশন কার্ড নম্বর ।

বিঃ দ্রঃ বিস্তারিত বিবরণের জন্য উচ্চশিক্ষা দপ্তর, শিক্ষা ভবন, অফিস লেন, আগরতলায় যোগাযোগ করা যেতে পারে। দূরভাষ:-  
(০৩৮১)২৩১-৪৪০২

(সি. দেবর্মা)  
যুগ্ম অধিকর্তা  
উচ্চশিক্ষা দপ্তর, আগরতলা  
ত্রিপুরা